**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 11-04.2026** **Time : 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ বিজেপির শীর্ষ নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পূর্ব বর্ধমানের কাটোয়ায় এক জনসভায় বলেছেন, পশ্চিমবঙ্গে বিজেপি সরকার এলে দুর্নীতিমুক্ত, স্বচ্ছ প্রশাসনের ব্যবস্থা করা হবে। **#**এদিকে, তৃণমূল-কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পশ্চিম মেদিনীপুরের কেশিয়াড়িতে জনসভায় অংশ নিয়ে অভিযোগ করেছেন, বিজেপি এন আর সি চালু ক'রে বাংলা ভাগের চক্রান্ত করছে।

২/ রাজ্যের প্রথম দফার বিধানসভা নির্বাচনে ১৬ টি জেলার ১৫২ টি আসনে বিভিন্ন দলের ১ হাজার ৪৭৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। **#**দ্বিতীয় দফায় ১ হাজার ৪৬৩ জন প্রার্থীর মনোনয়ন বৈধ ঘোষিত।

৩/ বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল মুর্শিদাবাদে পর্যবেক্ষক ও অন্যান্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

৪/ SSC নিয়োগ দুর্নীতি মামলায় ই ডি আজ সকাল থেকে প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের বাড়িতে তল্লাশি অভিযান চালাচ্ছে।

৫/ কলকাতা প্রিমিয়ার হকি লীগের ফাইনালে আজ মোহনবাগান ও ইস্টবেঙ্গল মুখোমুখি হবে।

*************************************************************************

বিজেপির শীর্ষ নেতা, **প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী** বলেছেন, পশ্চিমবঙ্গে বিজেপির সরকার এলে দুনীতিমুক্ত ও স্বচ্ছ প্রশাসনের ব্যবস্থা করা হবে। আজ তিনি **পূর্ব বর্ধমানের কাটোয়ায়** বিজেপি প্রার্থীদের সমর্থনে এক জনসভায় ভাষণ দেন। তার অভিযোগ, তৃণমূল কংগ্রেস সরকার বিজেপির বিরুদ্ধে মিথ্যা প্রচার চালাচ্ছে। এছাড়া বহু কেন্দ্রীয় প্রকল্প তারা রূপায়ণ করতে দেয় নি। মহিলাদের অধিকার রক্ষায় বিজেপি সচেষ্ট বলে তিনি মন্তব্য করেন। বিজেপি সরকার ক্ষমতায় এলে সমস্ত কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা রাজ্যবাসী পাবেন। ( বাইট –মোদী )

এরপর তিনি দুপুরে মুর্শিদাবাদের জঙ্গিপুর ও দক্ষিণ দিনাজপুরের কুশমন্ডিতে দলীয় প্রচারে অংশ নেবেন।

**বাঁকুড়ার ওন্দার রামসাগরে** এক জনসভায় প্রবীণ বিজেপি নেতা **কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ** অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস রাজ্যজুড়ে সর্বক্ষেত্রে সিন্ডিকেটরাজ প্রতিষ্ঠা করেছে। বিজেপি এই অবস্থার পরিবর্তন চায় বলে তিনি মন্তব্য করেন। তাঁর অভিযোগ, পশ্চিমবঙ্গের আলুচাষিরা তাঁদের ফসলের ন্যায্য মূল্য পাচ্ছেন না। এরপর বাঁকুড়ার ছাতনা এবং পুরুলিয়ার বাঘমুন্ডির কুশলডি মাঠে বিজেপি প্রার্থীদের হয়ে প্রচার চালানোর পাশাপাশি জনসভায় অংশ নেবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী।

এদিকে, **তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পশ্চিম মেদিনীপুরের কেশিয়ারিতে**, দলীয় প্রাথীদের সমর্থনে এক জনসভায় ভাষণ দেন। তিনি বলেন, বিজেপি সরকারের আমলে বিভিন্ন রাজ্যে বাংলা ভাষাভাষীদের ওপর আক্রমণ চালানো হচ্ছে। তার অভিযোগ, বিজেপি NRC চালু করে বাংলা ভাগের চক্রান্ত করছে। অভিন্ন দেওয়ানি বিধি চালু করার নামে তারা ধর্মীয় বিভাজন করতে চাইছে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন।

( বাইট – মমতা)

এরপর তিনি ঝাড়গ্রামের এক জনসভায় ভাষণ দিচ্ছেন। এরপর মুখ্যমন্ত্রী বাঁকুড়ার বড়জোড়ায় জনসভা করবেন।

.

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও বীরভূম জেলার সাঁইথিয়ায় একটি জনসভায় অংশ নেবেন। এর পর পূর্ব বর্ধমানের মেমারিতে একটি রোড শো করার কথা তাঁর।

কংগ্রেস, বামফ্রন্ট, ISF সহ অন্য রাজনৈতিক দলের নেতা – নেত্রীরাও মিটিং-মিছিল, জনসভার মাধ্যমে ভোটারদের মন জয়ের চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

*************************************************************************

রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচনে ১৬-টি জেলার ১৫২টি আসনের জন্য ১ হাজার ৪৭৮ জন প্রার্থী চূড়ান্ত প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। গতবারের তুলনায় প্রার্থীর সংখ্যা কিছুটা বেশি। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, ১৮৮ জন প্রার্থী তাঁদের মনোনয়ন প্রত্যাহার করেছেন। সবচেয়ে বেশি প্রার্থী আছেন কোচবিহার দক্ষিণ ও ইটাহার আসনে ১৫ জন করে। সবচেয়ে কম প্রার্থী রয়েছেন চন্দ্রকোণায় ৫ জন। এই পর্বে আগামী ২৩ এপ্রিল ভোট গ্রহণ।

*************************************************************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় ১ হাজার চারশো ৬৩ জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে। বাতিল হয়েছে ৬২ জনের প্রার্থী পদ। দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের ভোটের জন্য গতকাল মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হয়। জমাপড়া ১ হাজার ৫ শো ২৫-টি প্রার্থী পদ পরীক্ষা করার পর বাতিল হয় ৬২ জনের মনোনয়নপত্র। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, বাতিল

হওয়া মনোনয়নপত্রগুলির মধ্যে আছে তৃণমূল কংগ্রেস ও বি এস পি দুটি করে, অন্যান্য দলের ২২ এবং নির্দল প্রার্থীদের ৩৬-টি মনোনয়ন।

উল্লেখ্য, সোমবার ১৩-ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ প্রত্যাহার করা যাবে। এই দফায় ভোটগ্রহণ ২৯-শে এপ্রিল।

************************************************************************

বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জেলা সফর শুরু করেছেন।

আজ তাঁর মুর্শিদাবাদের ভোট প্রস্তুতি নিয়ে পর্যবেক্ষক ও অন্যান্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করার কথা।

গতকাল তিনি বীরভূমে পৌঁছে দুবরাজপুর এলাকার বিভিন্ন গ্রামে গিয়ে সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন। এলাকার পরিস্থিতি সম্পর্কে খোঁজ খবর নেন। সকলকে ভয়শূন্য হয়ে ভোট দেওয়ার তিনি আবেদন জানিয়েছেন। এরপরে মুখ্য নির্বাচনী আধিকারিক বোলপুরে নির্বাচনের সঙ্গে যুক্ত পর্যবেক্ষক সহ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

************************************************************************

রাজ্যে প্রথম দফার নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে নির্বাচন কমিশনের ভোটার তালিকা ফ্রিজ করাকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে নতুন করে মামলা দায়ের হয়েছে। আগামী ১৩-ই এপ্রিল এস আই আর-এর অন্য মামলার সঙ্গেই এই মামলারও শুনানি গ্রহণ করবেন প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ।

ট্রাইব্যুনালে ছাড়পত্র পাওয়া বা যোগ্য বলে বিবেচিত ভোটাররা আগামী বিধানসভা নির্বাচনে ভোট নিতে পারবেন কিনা বা বাতিল হওয়া ভোটারদের অ্যাপিলেট ট্রাইব্যুনাল ছাড়পত্র দিলে ফ্রিজ করা ভোটার তালিকায় তাদের অন্তর্ভুক্ত করা হবে কিনা, সেবিষয়ে আগামী সোমাবারই সিদ্ধান্ত নেবে শীর্ষ আদালত। এরফলে ট্রাইব্যুনালে নিষ্পত্তি হওয়া ভোটারদের ভবিষ্যত নিয়ে ওই দিনই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

************************************************************************

ভোটের দায়িত্বে থাকা বাসের চালক ও সহকারীদের জন্য পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের ব্যবস্থা চালু করেছে নির্বাচন কমিশন।

আগামী ২৯ এপ্রিল দ্বিতীয় দফার ভোটে প্রায় ১ হাজার ৫০০-টি বাস ও মিনিবাস নির্বাচনে কাজে নিযুক্ত থাকবে। এতে প্রায় ৫০০০ বাসকর্মী সরাসরি যুক্ত থাকবেন বলে কমিশন সূত্রে জানা গেছে। ভোটের দিন ডিউটির কারণে তাঁরা নিজেদের কেন্দ্রে গিয়ে ভোট দিতে না পারায়, যাতে সমস্যায় না পড়েন, সেই কারণেই এই বিশেষ ব্যবস্থা।

এই প্রক্রিয়ায় অংশ নিতে গাড়ির মালিক ও সংগঠনগুলিকে নিকটবর্তী পাবলিক ভেহিকেলস ডিপার্টমেন্ট (পিভিডি) অফিস থেকে ফর্ম ১২ সংগ্রহ করে সংশ্লিষ্ট চালক ও খালাসিদের মধ্যে বিলি করতে বলা হয়েছে।

নির্দেশ অনুযায়ী, সেই ফর্ম যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে সংশ্লিষ্ট জেলা নির্বাচন দফতরে। সঙ্গে জমা দিতে হবে এপিক কার্ডের প্রতিলিপি, গাড়ির মালিকের ঘোষণাপত্র এবং গাড়ি রিকুইজিশনের কপিও।

আগামী ১৩ এপ্রিলের মধ্যে সমস্ত নথি-সহ ফর্ম ১২ জমা দিতে হবে। যদিও বাস মালিকদের একাংশ এই সময়সীমা বাড়ানোর আবেদন জানাতে পারেন বলে জানা গিয়েছে।

************************************************************************

বিধানসভা নির্বাচনের জন্য আদর্শ আচরণ বিধির মধ্যেই অবসরপ্রাপ্তদের পুনর্নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি নিয়ে বিতর্কের জেরে দমকল বিভাগ তা বাতিল করে দিয়েছে। গত পাঁচ বছরের মধ্যে অবসর নেওয়া কোনও ফায়ার অপারেটর কাম ইঞ্জিন ড্রাইভার পুনরায় কাজে যোগ দিতে চাইলে তা জানাতে ওই বিভাগের পক্ষ থেকে রাজ্যের এগারোটি জেলার ডিভিশনাল অফিসারদের কাছে তার তালিকা চেয়ে পাঠানো হয়। ৯ই এপ্রিল নিয়ে এবিষয়ে বিজ্ঞপ্তি জারির তিন দিনের মধ্যে কাজে যোগ দিতে ইচ্ছুক কর্মীদের পুনঃনিয়োগের জন্য প্রয়োজনীয় নথি জমা দিতে বলা হয়েছিল বলে জানা গিয়েছে।

************************************************************************

SSC নিয়োগ দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি আজ সকাল এগারোটা নাগাদ কলকাতার নাকতলায় রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের বাড়িতে গিয়ে তল্লাশী অভিযান শুরু করেছে। বাড়িটিকে ঘিরে রেখেছে কেন্দ্রীয় বাহিনী। ঘটনার তদন্তে এর আগে বেশ কয়েকবার সি জি ও কমপ্লেক্সে তাঁকে তলব করা সত্ত্বেও তিনি উপস্থিত হননি। পার্থ চট্টোপাধ্যায়-এর ঘনিষ্ঠ এক ব্যক্তির অফিসেও ইডি তল্লাশি চালাচ্ছে।

উল্লেখ্য, এর আগে, ২০২২ সালের জুলাই মাসে পার্থ চট্টোপাধ্যায়কে গ্রেফতার করা হয়। গত বছর নভেম্বর মাসে তিনি জামিন পান।

************************************************************************

মালদার বাসিন্দা এক BSF জওয়ানের মণিপুরের উখরুল জেলায় টহলদারির সময় দুষ্কৃতি হামলায় প্রাণ হারানোর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে। গতকাল দুটি জঙ্গি গোষ্ঠীর গুলি বিনিময়ের মধ্যে পড়ে BSF-এর ১৭০ নম্বর ব্যাটেলিয়ানের কনস্টেবল বছর ৩৪-এর মিঠুন গুরুতর আহত হন। ইম্ফলে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হলে সেখানে হাসপাতালে তাঁর মৃত্যু হয়। মিঠুনের মরদেহ আজ ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হবে বলে জানা গেছে।

************************************************************************

হাওড়া বর্ধমান মেন শাখার ব্যান্ডেল স্টেশনে ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য আগামীকাল ১২ই এপ্রিল সকাল ১১ টা ২০ থেকে বিকেল ৫ টা ২০ পর্যন্ত মোট ৩৬০ মিনিট ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে ব্যান্ডেল থেকে চারটি, হাওড়া ও কাটোয়া

থেকে ৩ টি ক'রে বর্ধমান, এছাড়া পান্ডুয়া, মেমারি, নৈহাটি থেকে ১ টি ক'রে EMU লোকাল বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

**************************************************************************

দক্ষিণ ২৪ পরগনার চম্পাহাটি এলাকায় ভাড়া বাড়িতে নিষিদ্ধ 'চকলেট বোমা' তৈরির তৈরির চক্র ফাঁস করল বারুইপুর থানার পুলিশ। হারাল এলাকায় অভিযান চালিয়ে পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে। উদ্ধার হয়েছে বিপুল পরিমাণ বিস্ফোরক ও বোমা তৈরির সরঞ্জাম।

অপর দিকে বকুলতলা থানার - পূর্ব রূপনগর এলাকায় একটি বাড়িতে হানা দিয়ে তাজা বোমা ও তৈরির সরঞ্জাম উদ্ধার করেছে পুলিশ। অভিযুক্ত পিন্টু হালদার পলাতক । এলাকায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে এবং বোমা নিষ্ক্রিয় করতে বোম স্কোয়াডকে ডাকা হয়েছে।

**************************************************************************

সুন্দরবনে ধামাখালির কাছে আতাপুর সংলগ্ন এলাকায় পর্যটক-বোঝাই নৌকায় অগ্নিকাণ্ডে চাঞ্চল্য ছড়িয়েছে। প্রত্যক্ষদর্শীদের দাবি, সুন্দরবন ভ্রমণ শেষে ফেরার পথে হঠাৎ নৌকো থেকে ধোঁয়া বের হতে দেখা যায়। আগুন ছড়িয়ে পড়লে যাত্রীরা আতঙ্কিত হয়ে পড়েন। খবর পেয়ে সন্দেশখালি থানার পুলিশ ও স্থানীয় উদ্ধারকারী দল দ্রুত পৌঁছে সকল যাত্রীকে নিরাপদে উদ্ধার করে। সামান্য আহত কয়েকজনের প্রাথমিক চিকিৎসা করা হয়েছে। গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ থেকেই আগুন লাগে বলে পুলিশ সূত্রে প্রাথমিক অনুমান। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

**************************************************************************

দক্ষিণবঙ্গে আগামী তিনদিন সামগ্রিকভাবে শুষ্ক আবহাওয়া বজায় থাকলেও উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী মঙ্গলবার থেকে দক্ষিণ বঙ্গের প্রায় সব জেলাতেই উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে বলে জানানো হয়েছে। কোথাও কোথাও দিনের তাপমাত্রা ৫ থেকে ৭ ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তার পরবর্তী পাঁচ দিনে তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি কম।

**************************************************************************

মোহনবাগান ও ইস্টবেঙ্গল, আজ কলকাতা প্রিমিয়ার হকি লিগের ফাইনালে মুখোমুখি হবে। যুব ভারতীর হকি স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল চারটেয়।

মোহনবাগান লিগ পর্বে ৬ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে শীর্ষ স্থানে শেষ করেছে। অন্যদিকে দ্বিতীয় স্থানে থাকা ইস্টবেঙ্গলের ৬ ম্যাচে পয়েন্ট ১৩ ।

এ পর্যন্ত মোহনবাগান ৪৩ বার ফাইনালে উঠে ২৬ বার বিজয়ী হয়েছে। ইস্টবেঙ্গল ২৭ বার ফাইনালে পৌঁছে ১১ বার লিগ জয় করেছে।

*********************************************************************

আইএসএল ফুটবলে আজ  ইস্টবেঙ্গল, চেন্নাইয়িন এফ সি, র বিরুদ্ধে খেলবে। চেন্নাই এর জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। ৬ ম্যাচে ইস্টবেঙ্গল ১১, এবং চেন্নাই সমসংখ্যক ম্যাচের পয়েন্ট পাঁচ।

এদিকে বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে অন্য ম্যাচে সন্ধ্যে সাড়ে সাতটায় আজ  বেঙ্গালুরু এফসি , কেরালা ব্লাস্টার্সের বিরুদ্ধে খেলবে। বেঙ্গালুরু ৭ ম্যাচে ১৪ পয়েন্ট পেয়েছে, অন্যদিকে কেরালা পেয়েছে ৭ ম্যাচে এক পয়েন্ট।

*********************************************************************